দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 FEB 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাঘায় এইচএসসি পরীক্ষার কেন্দ্র নিয়ে সংঘর্ষ ॥ আহত ১৫

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ।** বাঘায় পুলিশের সঙ্গে আন্দোলনরত কলেজ ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘর্ষ ও ধাওয়া পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে। এ সময় কলেজের আসবাবপত্র ভাংচুর করা হয়। সংঘর্ষে পুলিশসহ অন্তত ১৫ জন আহত হয়েছে। সোমবার দুপুরে উপজেলা সদরের শাহদৌল্লা ডিগ্রী কলেজ এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বাঘায় এইচএসসি পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের দাবি নিয়ে শিক্ষার্থীরা বেলা ১১টার দিকে সড়ক অবরোধ ও বিক্ষোভ শুরু করে। খবর পেয়ে বাঘা থানা পুলিশ বিক্ষোভ কর্মসূচীতে বাধা সৃষ্টি করলে প্রথমে উত্তেজনা পরে তা সংঘর্ষে রূপ নেয়। শুরু হয় ধাওয়া-পাল্টা ধাওয়া। শিক্ষার্থীরা জানায়, বাঘা শাহদৌল্লা ডিগ্রী কলেজের শিক্ষার্থীরা তাদের এইচএসসি পরীক্ষার কেন্দ্র তেঁথুলিয়ার পরিবর্তে বাঘা সদরে করার দাবিতে প্রথমে বিক্ষোভ মিছিল বের করে। এরপর মিছিলটি উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে ফিরে আসার সড়ক অবরোধ করে। ফলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। পুলিশ এসে তাদের ধাওয়া করলে উভয় পক্ষের মধ্যে ব্যাপক সংঘাত, ইট-পাটকেল নিক্ষেপ ও ধাওয়া-পাল্টার ঘটনা ঘটে।

## কুবি পরিবহন বাসে হামলার প্রতিবাদে মহাসড়ক অবরোধ

নিজস্ব সংবাদদাতা, কুমিল্লা থেকে জানান, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীদের পরিবহন বাস ভাংচুর ও শিক্ষার্থীদের ওপর হামলা চালিয়ে আহত করার প্রতিবাদে ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখে কুমিল্লায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে শিক্ষার্থীরা। সোমবার বেলা ১১টা থেকে দুপুর পৌনে ১টা পর্যন্ত চলা ওই অবরোধের ফলে মহাসড়কের উভয় পাশে প্রায় ৪০ কি.মি যানজটের সৃষ্টি হয়। জানা যায়, গত রবিবার সন্ধ্যায় কুমিল্লা মহানগরীর ঝাউতলা এলাকায় রাস্তা থেকে একদল যুবক কুবির শিক্ষার্থীদের পরিবহন বাসে ছাত্রীদের লক্ষ্য করে রং ছুড়ে মারলে এ নিয়ে বহিরাগত যুবকদের সঙ্গে ছাত্রদের বাগ্‌বিতণ্ডা হয়। একপর্যায়ে যুবকরা বাসে উঠে ভাংচুর ও শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। এতে ১৫-২০ শিক্ষার্থী আহত হয়।

## ছাত্রলীগ নেতার ওপর হামলা ॥ বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা দাউদকান্দি থেকে জানান, ছাত্রলীগ নেতার ওপর হামলার প্রতিবাদে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে অবরোধ ও বিক্ষোভ মিছিল করেছে এলাকাবাসী ও নেতাকর্মীরা। সোমবার দুপুর সাড়ে ১২টায় দাউদকান্দির গৌরীপুর মুন্সী ফজলুর রহমান সরকারী ডিগ্রী কলেজের সামনে এ অবরোধ হয়। অবরোধকারী জানান, রবিবার দাউদকান্দি উপজেলার দৌলতপুর ইউনিয়নের চৌধুরীপাড়ার কয়েকজন একটি অটোরিক্সা আটক করে এক মেয়েকে হয়রানি করার সময় বিটেশ্বর ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি রুবেল ভূঁইয়া গিয়ে তাদের বাধা প্রদান করেন। এতে তারা ক্ষিপ্ত হয়ে রুবেল ভূঁইয়ার ওপর হামলা চালালে তিনি আহত হন।